R. N. No. 2532/57 Phone No. RGG. 112 Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টার্টার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৯শ বর্ষ
২২শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৬ই কার্ত্তিক, বুধবার, ১৩৮৯ সাল
৩রা নভেম্বর, ১৯৮২ সাল।

নগদ মূল্য : ২৫ পয়সা
বার্ষিক ১২৲, সডাক ১৪

## দুর্গাপূজো নির্বিঘ্নে, পেটকাটীতলায় এবারে রেকর্ড ভিড়

বিশেষ সংবাদদাতা : গুপ্তপ্রেস সিদ্ধান্ত মতে কার্ত্তিকের দুর্গাপূজো জঙ্গিপুর মহকুমায় ছিল নির্বিঘ্ন এবং অনাড়ম্বর। শহরের একটি প্যাণ্ডেলে সামান্য অগ্নিকাণ্ড ছাড়া কোথাও কোনো রকম অঘটন ঘটেনি। পুলিশের মতে, 'এই ক'দিন আইন শৃংখলা পরিস্থিতিও ছিল স্বাভাবিক। শহর ও গ্রামের বেশীর ভাগ পূজো মণ্ডপে পুলিশ মোতায়েন করা হয়।' পূজোর পাঁচদিন মহকুমায় লোডসেডিং ছিল না বললেই চলে। আবহাওয়া ভাল থাকলেও শহরের মণ্ডপগুলিতে কোথাও তেমন উপচে পড়া ভিড় লক্ষ্য করা যায়নি। দশমীর রাত্রে গঙ্গার পাড়ে বিসর্জনের 'নৌকো বাইচ' উৎসবে এবার ভিড় কম থাকলেও একাদশীর সকালে গঙ্গা পাড়ে ভিড় হয় প্রচণ্ড। ঐ দিন মহরম থাকায় পুলিশী ব্যবস্থাও ছিল ব্যাপক। এবারে সবচেয়ে বেশী ভিড় হয় গদাইপুরের পেটকাটী দুর্গার মণ্ডপে। নবমীর দিন প্রায় সন্ধ্যা পর্যন্ত মণ্ডপে হাজার কয়েক ভক্তের জয়ধ্বনির মধ্য দিয়ে বলিদান সম্পন্ন হয়। ছাগ, মেষ ছাড়াও এবার সেখানে একটি মহিষও বলি দেওয়া হয়। পুর এলাকার মধ্যে জঙ্গিপুর সরস্বতী লাইব্রেরীর দুর্গা প্রতিমা এং হরিদাসনগরের মণ্ডপ-সৌষ্ঠব বেশ আকর্ষণীয় ছিল। এবারে কোথাও বিচিত্রানুষ্ঠানের তেমন কোনো ব্যবস্থা ছিল না। তবে সায়েন্স কালচারাল সংস্থার পক্ষ থেকে রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয়ে এবারে একটি মডেল প্রদর্শনীর ব্যবস্থা হয়েছিল। প্রতিযোগিতাভিত্তিক অনুষ্ঠানটি ছিল বেশ আকর্ষণীয়। ৩টি বিভাগে ৯ জনকে উদ্যোক্তাদের পক্ষ থেকে পুরস্কৃত করা হয়।

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সশস্ত্র জনতার আক্রমণে বহু পুলিশ আহত, গুলিতে হত—৩

নিজস্ব সংবাদদাতা, ধুলিয়ান : হাজার দশেক সশস্ত্র জনতার আক্রমণ ঠেকাতে ২৮ অক্টোবর সন্ধ্যায় ফরাক্কা থানার মহাদেবনগর গ্রামে পুলিশ গুলি চালালে ৩ ব্যক্তি নিহত হন। ১১ জন পুলিশ কর্মীসহ আহতের সংখ্যা প্রায় ২২। আহত পুলিশ কর্মীদের জঙ্গিপুর হাসপাতালে এবং অন্য ৪ জনকে যথাক্রমে মালদা ও বহরমপুর হাসপাতালে পাঠানো হয়েছে। যারা নিহত হয়েছেন তাঁদের মধ্যে আছেন যতীন মণ্ডল (২৬), আহসান সেখ (২১) এবং মেমবার সেখ (১৮)। আমাদের বিশেষ সংবাদদাতা জানাচ্ছেন, ঐ দিন ছিল মুসলিমদের মহরম পর্ব। ধুলিয়ান শহর লাগা মহাদেবনগরে হাজার কয়েক সশস্ত্র লোক এদিন জমায়েত হন। হঠাৎ ওদের মধ্যে গোলমাল বাধে। একদল দুর্বৃত্ত দু'টি বাড়ীতে আগুন ধরায়। পুলিশ দুর্বৃত্তদের শান্ত করার চেষ্টা করে ব্যর্থ হলে গুলি চালায়। সশস্ত্র জনতা পুলিশের উপরও হামলা করে। পুলিশ

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সি পি এমে বিক্ষোভ ব্যাপক ভাঙ্গন

রাজনৈতিক সংবাদদাতা : সামসেরগঞ্জ ব্লকে সি পি এমের শক্ত ঘাঁটিতে এবারে ভাঙ্গন শুরু হয়েছে। দলে দলে স্থানীয় নেতৃত্বের উপর বিক্ষুব্ধ সি পি এম কর্মী ও সমর্থকেরা সম্মিলিত হয়ে সেখানে ফরওয়ার্ড ব্লক কমিটি গঠন করেছেন। এই বিক্ষুব্ধ কর্মীদের দল ছেড়ে বেরিয়ে আসতে ইন্ধন জুগিয়েছেন পূর্ব্বেকার দলত্যাগী কিছু কর্মী। সি পি এমের এক সময়ের শক্তিশালী নেতা ইউসুফ হোসেন এখন গঠিত

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ডি আর ডি এ নিয়ে দুর্নীতি ও দলবাজী

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের দেওয়া সাহায্যে রচিত ডি আর ডি এ প্রকল্পে টাকা বন্টনের ব্যাপারে রঘুনাথগঞ্জ—১ পঞ্চায়েত সমিতিতে ব্যাপক দলবাজি ও দুর্নীতি চলেছে বলে বিভিন্ন রাজনৈতিক দল ও মানুষের পক্ষ থেকে ব্যাপক অভিযোগ উঠেছে। বামফ্রন্টের দুই শরিক সি পি আই এবং আর এস পি'র পক্ষ থেকেও এই গুরুতর অভিযোগ নিয়ে আন্দোলনে নামার কথা ঘোষণা করা হয়েছে। ডি আর ডি এ নিয়ে সবচেয়ে বেশী অভিযোগ এসেছে দফরপুর ও রাণীনগর অঞ্চল দুটি থেকে সেখানে সি পি এম কর্মীদের তৈরী তালিকা মত দলীয় সমর্থকদের মধ্যেই

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## আমলার ঔদাসিন্যে বৈদ্যুতিকীকরণ ব্যাহত

সাগরদীঘি : সরকারী পর্যায়ে সব বাধা দূর হলেও এক শ্রেণীর আমলার ঔদাসিন্য এবং অবহেলায় সাগরদীঘির গোবর্দ্ধনডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের কয়েকটি গ্রামে বৈদ্যুতিকীকরণের কাজ পিছিয়ে পড়েছে। ৭-৮ বছর আগে ঐ সব গ্রামে বৈদ্যুতিক লাইন টাঙ্গানো হয়। কিন্তু এ পর্যন্ত বিদ্যুৎ সরবরাহের কোন ব্যবস্থা করা হয়নি। গ্রামবাসীরা জঙ্গিপুরে এ্যাসিষ্টেন্ট ইঞ্জিনীয়র ( আর ই ) এর কাছে বহুবার এ নিয়ে দাবী ও বিক্ষোভ দেখিয়েছেন। তবু কোনো ফল হয়নি। অফিস সূত্রে জানা যায়, কল সেণ্টার ও কর্মী না থাকায় সংশ্লিষ্ট এলাকায় বিদ্যুৎ সরবরাহ করা যাচ্ছে না। প্রায় মাস সাতেক আগে সরকারীভাবে ঐ সমস্যা মিটে গেছে। তবুও গ্রামবাসীরা সুযোগ পাচ্ছেন না। তাদের অভিযোগ জঙ্গিপুর আর ই বিভাগের গাফিলতিতেই এমনটি ঘটছে।

## এম এল এ'র অভিযোগ : স্পার নির্মাণে দুরনীতি হয়েছে

বিশেষ সংবাদদাতা : অরঙ্গাবাদের ১১ থেকে ১৫নং স্পারে ভাঙ্গন রোধের ব্যাপারে বিধি নিয়ম ভেঙ্গে সাড়ে ছ'লক্ষ টাকার কাজ জনৈক ঠিকাদারকে দিয়ে মাত্র ১৩ দিনে সম্পন্ন করানোর ঘটনা নিয়ে এম এল এ শিষ মহম্মদ পূর্ণাংগ তদন্তের দাবী জানিয়েছেন। বুধবার ( আজ ) সন্ধ্যায় এক সাক্ষাৎকারে তিনি একথা জানান। তিনি এই ঘটনাকে ভৌতিক ব্যাপার বলে উল্লেখ করেছেন। সেন্ট্রাল ইরিগেশনের সুপারিনটেনডেণ্ট ইঞ্জিনীয়রকে লেখা এক পত্রে তিনি অভিযোগ করেছেন—১৯৮০-৮১ সালে সংশ্লিষ্ট স্পারগুলিতে ৮ লক্ষ টাকার কাজ মঞ্জুর করা হয়। এই কাজ ভাগ করে দেওয়া হয় দু'জন ঠিকাদারকে। কিন্তু গত ৭ জুন জনৈক ঠিকাদারকে রহস্যজনকভাবে ওয়ার্ক অর্ডার দিয়ে ২০ জুন কাজ শেষ হয় বলে ঘোষণা করা হয়েছে। এবং ঐ ঠিকাদারকে সরকারের অনুমোদিত অর্থের মধ্যে সাড়ে ৬ লক্ষ টাকা প্রদান করা হচ্ছে। শিষ মহম্মদের অভিযোগ, মাত্র ১৩ দিনের মধ্যে এ কাজ সম্পন্ন হতে পারে না। ঐ ঠিকাদার সিকি ভাগ কাজ না করেও এক শ্রেণীর কর্মচারীর যোগসাজসে পুরো টাকা পেতে চলেছেন। সরকারী অর্থের এই তছরূপ নিয়ে তদন্ত করার দাবী জানিয়েছেন তিনি।

গুজব ছড়ায় সমাজবিরোধীরা। গুজবে বিভ্রান্ত হবেন না।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৬ই কার্ত্তিক বুধবার, ১৩৮৯ সাল

## বিজয়োত্তর

মহালয়ায় দেবীপক্ষ শুরু হইয়াছিল; আজ সেই দেবীপক্ষের সমাপ্তি। ইতোমধ্যে মহিষাসুরমর্দিনী মা আবির্ভূতা হইয়াছিলেন; তিনি 'পুনরাগমনায় চ' প্রতিশ্রুতি দিয়া বিদায় লইয়াছেন। বাঙ্গালী হিন্দুর জাতীয় জীবন কয়েকটি দিনের জন্য মাতিয়া উঠিয়াছিল— 'মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ ………… —সর্বত্র মধুময়তা। অভাব, দুঃখ, দৈন্য, কষ্ট—সবকে দিন কয়েকের জন্য দাবাইয়া রাখিয়া শুধু আনন্দ পাওয়া ও দেওয়ার পালা চলিয়াছিল।

মহাদেবীর প্রস্থানে বেদনাবিধুর জনচিত্ত সর্বপ্রকার দ্বেষ-হিংসা-মতান্তর-মনান্তর ভুলিয়া পরস্পর পরস্পরকে প্রীতি-আলিঙ্গনে আবদ্ধ করিয়াছে, শুভকামনা জানাইয়াছে নিকট ও দূরের আত্মবন্ধু তথা সর্বস্তরের মানুষকে। ৺বিজয়া তাই আন্তর প্রীতি বিনিময়ের উৎসব।

মহকুমার জনগণের সেবায় আমরা দীর্ঘদিন নিরত আছি। কত উত্থান-পতনের মধ্য দিয়া পত্রিকাকে চলিতে হইয়াছে। আসিয়াছে নানা বাধা, নানা ভয়। কিন্তু সবলের হুঙ্কারে অন্যায়ের কাছে নতিস্বীকার আমরা করি নাই; স্বার্থচিন্তায় ও স্বার্থপূরণের জন্য অসত্য ও অন্যায়কে আমরা প্রশ্রয় দিই নাই। জনস্বার্থ পরিপন্থী বিষয়কে দ্বিধাহীন চিত্তে নিন্দা করিয়াছি এবং মানুষের মঙ্গলকেই তুলিয়া ধরিতে চেষ্টা করিয়াছি। আমাদের ক্ষুদ্র এই সাপ্তাহিক তাহার সাধ্যমত জনসেবা করিয়া আসিয়াছে। তাই মহকুমার সর্বস্তরের মানুষের ভালবাসা আমরা অর্জন করিতে পারিয়াছি। ইহা আত্মশ্লাঘা নহে, বরং এই চিন্তাই আমাদিগকে কর্মপথে আরও অগ্রসর হইতে প্রেরণা দান করিবে।

পূজা পর আজ আমাদের পত্রিকা প্রকাশের প্রথম পর্ব বলিয়া আমরা আমাদের পাঠকবর্গ, গ্রাহক ও অনুগ্রাহক, বিজ্ঞাপনদাতা, সংবাদদাতা, হিতৈষী, পৃষ্ঠপোষক এবং সকলকে ৺বিজয়ার হার্দিক অভিনন্দন জানাইতেছি। দল-ধর্ম-মত নির্বিশেষে সকলের সমৃদ্ধি ও কল্যাণ কামনা করিতেছি।

## ॥ ভিন্ন চোখে ॥

সেই যে একটা ছড়া শুনেছিলাম—নাকছাবিটা হারিয়ে গেছে হলুদ বনে। নাকছাবিটা বন থেকে খুঁজে পাওয়া যায়নি। তাই হয়। যা হারিয়ে যায় সেটা আর ফিরে আসে না। সেই যে একটা গান আছে—'যা হারিয়ে যায় তা আগলে বসে রইব কত আর।' এবারের শারদীয়া উৎসব দেখে বার বার নাক ছাব হারানোর চরণটা মনে পড়ছিল।

বাঙালির প্রিয় উৎসব ছিল এবার নিষ্প্রাণ। কারো মনে সেভাবে সাড়া জাগাতে পারেনি। পূজোর চারদিন ঘুরেছি সর্বত্র। গ্রামে গঞ্জের রাস্তায়। এক মণ্ডপ থেকে আর এক মণ্ডপে। আনন্দের সন্ধানে ঘুরেছি। আনন্দ খুঁজে পাইনি। শহরে আলোর রোশনাই ছিল। মণ্ডপে ছিল ভীড়। তবে মানুষের মনে আনন্দের কোন রোশনাই ছিল না। আর গ্রামের পূজা নিষ্প্রাণভাবে সম্পন্ন হয়েছে। লোকের চোখে মুখে কোন আনন্দের ছাপ নাই। থাকবে কি করে? গ্রাম ঘরে এখন থেকেই অভাবের করাল ছায়া। ফসলের পুরুষ্টু দানা ভ্রূণ অবস্থায় নষ্ট হয়ে গেছে। বড়ই দুঃসময়। চোখের জলে মাকে আবাহন। চোখের জলে মাকে বিসর্জন। পঞ্জিকায় দেখেছিলাম মায়ের আগমন গজে। শস্যপূর্ণা বসুন্ধরা। মায়ের গমন নৌকায়। ফল শস্যবৃদ্ধি। পঞ্জিকার বচন — শাস্ত্রবাক্য সব যেন বিপরীত হয়ে যাচ্ছে। কিছুই মিলছে না

'পূজা' বলতে মনে যে আনন্দের শিহরণ বহে যায় সেই আনন্দ মনের সেলুলয়েডে ক্রমশঃ ফিকে হয়ে আসছে। কি গ্রাম কি শহর। উৎসবের কটা দিন গমগম করত। মহাসপ্তমীর কাক ভোর থেকেই ঢাকের মিষ্টি আওয়াজ। কোন কোন মণ্ডপে এর সাথে সানাইয়ের মূর্চ্ছনা। ছেলে মেয়ে বয়স নির্বিশেষে সকলের ভীড়। সকলেই মেতে উঠত এই আনন্দযজ্ঞে। কোথাও দাবা বা পাশার আড্ডা। কোন বৈঠকখানায় জমে উঠত কালোয়াতী গানের আসর। তার সাথে ছিল যাত্রা—কবিগানের অনুষ্ঠান। সব চেয়ে যেটা ছিল সেটা হল আনন্দ। সেই দিনগুলো আর ফিরে আসবে না।

দিগন্ত প্রসারিত মাঠ। সাদা কাশ বন। মাঠে সবুজ ধানের মাতন। গাছ গাছালি। ঘাসে গঙ্গা ফড়িং। স্নানের ঘাটে একদল সধবার কলহাস্য। জলে তরঙ্গ। শিউলি ফুলের মৌ মৌ গন্ধ। ঢাকের আওয়াজ। সেই আনন্দের দিনগুলি এখন স্মৃতিতে ক্রমশঃ অনুজ্জ্বল। বিজয়া আর সকলকে কাঁদায় না। তবুও বিজয়া পর্ব সারতে হয়। তাই মণি সেনও এই ফাঁকে পত্রিকার গ্রামগঞ্জের অগণিত পাঠককে তার বিজয়ার শুভেচ্ছা জানাচ্ছে।

মণি সেন

## দুর্গা পুজো নির্বিঘ্নে

( ১ম পৃষ্ঠার পর )

এই প্রদর্শনীতে থার্মাল পাওয়ার ষ্টেশন, গ্রাইণ্ডিং মেশিন, খনি থেকে কয়লা উত্তোলন প্রভৃতি মডেল দেখানো হয়। দশমীর দিন বিকেল থেকে সারা রাত্রি ধরে গঙ্গায় চলে দেবীর বিসর্জনের পালা। পেটকাটি দুর্গার বিসর্জন সম্পন্ন হয় একাদশীর দিন বেলা ১০টা নাগাদ। বহু মণ্ডপে লক্ষ্মী পূজোরও ব্যবস্থা করা হয়। সে পূজোতেও কোথাও কোনো অঘটন ঘটেনি।

## গুলিতে হত—৩

( ১ম পৃষ্ঠার পর )

দৃঢ়ভাবে অবস্থার মোকাবিকা না করলে পরিস্থিতির অবনতি ঘটতে পারত বলে জানা গেছে। একজন হোমগার্ড জীবন বিপন্ন করে জলন্ত আগুনের মধ্য থেকে দুটি শিশুকে উদ্ধার করে বলে পুলিশী সূত্রে জানা যায়। পুলিশ এদিন ১৬ রাউণ্ড গুলি চালায়। ঘটনার পরদিন পুলিশ সুপার অনিল গুপ্ত এবং জেলা শাসক প্রসাদ রায় ঘটনাস্থল পরিদর্শন করেন। শান্তি কমিটিও গঠন করা হয়। রাজ্য পুলিশবাহিনী ছাড়াও উপদ্রুত অঞ্চলে ৩ প্লেটুন বি এস এফ মোতায়েন করা হয়েছে। পরিস্থিতি এখন মোটামুটি শান্ত। এ ব্যাপারে জড়িত সন্দেহে বেশ কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে।

## দুর্নীতি ও দলবাজী

( ১ম পৃষ্ঠার পর )

এই প্রকল্পের টাকা মঞ্জুর করা হচ্ছে। এ নিয়ে দুর্নীতিও হচ্ছে বিস্তর। সমবায় সমিতি মারফৎ সরকারের ঘরে লোন থাকা সত্ত্বেও পুনরায় সরকারী নিয়ম ভেঙ্গে কয়েকজন ব্যক্তিকে ডি আর ডি এ প্রকল্পে ঋণ দেওয়া হচ্ছে বলে ব্লক অফিস সূত্রে খবর মিলেছে। আর এস পি দখলীকৃত কানুপুর গ্রাম পঞ্চায়েতে ডি আর ডি এ প্রকল্পে কোন টাকা না দেওয়ায় এ নিয়ে বিডিও নিখিলরঞ্জন মণ্ডলের কাছে বিক্ষোভ দেখানো হয়। সি পি আই এর অভিযোগ, তাদের সমর্থকপুষ্ট নিস্তা, বাহাদিনগর, ধনপতনগর গ্রামগুলিতে ডি আর ডি এ'র টাকা ইচ্ছাকৃতভাবেই দেওয়া হচ্ছে না। তাদের আরো অভিযোগ, জরুর গ্রাম পঞ্চায়েত প্রধান নাকি খরা ত্রাণের টাকা খরচ না করে আত্মসাৎ করেছেন। এ নিয়ে সভাপতি যতীন মণ্ডল লিখিতভাবে তদন্তের দাবী তুলেছেন।

## ব্যাপক ভাঙ্গন

( ১ম পৃষ্ঠার পর )

ফঃ ব্লক কমিটির দায়িত্ব নিচ্ছেন। শ্রীহোসেন গ্রামে গ্রামে ঘুরে সি পি এম কর্মীদের দলে ভেড়াতে উঠে পরে লেগেছেন। এ নিয়ে রাজনৈতিক মহলে বেশ সোরগোল উঠেছে। পরিস্থিতির দিকে সব মহলের চোখ রয়েছে।

## টেণ্ডার

মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পর্ষৎ-এর অধীন প্রাথমিক ও নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে শিশুদের টিফিনের জন্য ৪৫০ গ্রাম ( ৭৫ গ্রামের সমান ছয় ভাগে বিভক্ত ) ওজনের টাটকা পাউরুটি সরবরাহের জন্য টেণ্ডার আহ্বান করা যাইতেছে।

টেণ্ডার সম্পর্কীয় সকল তথ্যাদি জেলা বিদ্যালয় পর্ষৎ কার্য্যালয় হইতে জানিয়া লইতে হইবে।

৯ই নভেম্বর, ১৯৮২ বেলা ২ ঘটিকা পর্য্যন্ত টেণ্ডার গ্রহণ করা হইবে।

স্বাঃ অরুণ ভট্টাচার্য্য
সভাপতি,
তদর্থক কমিটি,
জেলা বিদ্যালয় পর্ষৎ, মুর্শিদাবাদ

মেমো নং ৬৮ (৫) সি, এন, পি তারিখ ২০-১০-৮২

### প্রবীণ শিক্ষকের লোকান্তর

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুরের প্রবীণ শিক্ষাবিদ পশুপতি চক্রবর্ত্তী ২৩ অক্টোবর দুপুরে তাঁর বৈদড়া গ্রামের বাসভবনে পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৯ বছর। অজাতশত্রু পশুপতিবাবু প্রথম শিক্ষকতা জীবন শুরু করেন গোরাবাজার আই সি আই-তে। পরে জঙ্গিপুর হাই স্কুলে প্রায় ৪২ বছর ধরে সহকারী প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করেন। তিনি কিছুদিন ঐ স্কুলের রেক্টরও ছিলেন। গণিত শাস্ত্রের সুপণ্ডিত শ্রীচক্রবর্ত্তী একাধিক অংকের বইও লিখেছেন। এর মধ্যে 'নয়া সহজ গণিত', 'কোর সহজ গণিত' উল্লেখযোগ্য। দাদাঠাকুরের স্নেহধন্য পশুপতিবাবুর ধর্মের প্রতি অনুরাগও ছিল যথেষ্ট।

### অন্ন ও বস্ত্র বিতরণ

অরঙ্গাবাদ : আনন্দময়ীর আগমনে এলাকার খরাপীড়িত মানুষের নিরানন্দ মুখে হাসি ফোটাতে এবার অরঙ্গাবাদ বাজার সার্বজনীন দুর্গাপূজা কমিটি অনাড়ম্বর পূজা অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করেন এবং মহানবমী ও দশমীর দিন আনুমানিক ৫ হাজার নরনারীকে অন্ন ও ৩৫০ (সাড়ে তিনশত) শাড়ী ও ধুতি বিতরণ করেন। পূজাকমিটি আরও সিদ্ধান্ত নিয়েছেন যে আয়-ব্যয়ের চূড়ান্ত হিসাবান্তে উদ্‌বৃত্ত অর্থ দিয়ে আগামী ৺কালীপূজায় আরও বস্ত্র বিতরণ করবেন। এই মহৎ দৃষ্টান্তে জনসাধারণের মধ্যে যথেষ্ট উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হয়। এবার কমিটি ৫০ বৎসর পূর্তি উপলক্ষে একটি স্মারক পত্রিকাও প্রকাশ করেছেন।

### রেলের কয়লা চুরি

সাগাপুর : জঙ্গিপুর রোড ষ্টেশন ও তার আশপাশের এলাকা রেলের কয়লা চুরির ঘাঁটি হয়ে দাঁড়িয়েছে। এইসব কয়লা বাইরে পাচার হচ্ছে এবং পার্শ্ববর্ত্তী এলাকাতে বিক্রি হচ্ছে। তাছাড়াও রেলের ব্যাটারী ও লোহা ইত্যাদি চুরিও নিত্যদিনের ঘটনা হয়ে দাঁড়িয়েছে। রেল কর্তৃপক্ষের কিছু অসৎ কর্মীর যোগসাজসে এই ব্যবসা অবাধে চলছে। তা সত্ত্বেও রেল কর্তৃপক্ষ নীরব।

ইউকোব্যাঙ্ক পাশেই থাক চিরকাল
সংসার সুখের হবে, ঘুচিবে আকাল



আপনি কখনো নিজে হাঁস মুরগী পালন বা গোরু মহিষ পালনের কথা ভেবেছেন? এ দুটি ব্যবসা কিন্তু অনেকের জীবনেই আর্থিক সাচ্ছল্য এনে দিয়েছে। ইউকোব্যাঙ্কের সাহায্য নিয়ে আপনিও এই ব্যবসা শুরু করতে পারেন।

যেমন ধরুন হাঁস মুরগী পালন: এই ব্যবসার জন্যে লেয়ার মুরগী প্রতিপালন, ব্রয়লার মুরগী পালন, হিমঘর ও রেফ্রিজারেশনের সুবিধা, মুরগীর ঘর তৈরি, আনুষঙ্গিক উপকরণ কেনা ও মূলধনের জন্যে প্রয়োজনীয় আর্থিক সাহায্য ইউকোব্যাঙ্ক থেকে পাওয়া যাবে। ডেয়ারীর ক্ষেত্রে চলতি মূলধন ছাড়াও দুগ্ধবতী গোরু মহিষ ও গোশালার উপকরণ কেনা, গোয়াল ঘর তৈরি, দুগ্ধজাত দ্রব্য উৎপাদন, পরিশুদ্ধ বা জীবাণুমুক্ত করার যন্ত্রপাতি কেনার জন্যে আর্থিক পরিকল্পনা আছে। সহজ সুদে ঋণের জন্যে কাছাকাছি ইউকোব্যাঙ্কের শাখায় যোগাযোগ করুন। সেখানে আমাদের বিভিন্ন ঋণ পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত খবর পাবেন।

UCO/CAS-100/81 BEN

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক
জনগণকে স্বাবলম্বী করে তুলতে সাহায্য করছে

ধুলিয়ান ষ্টোন প্রডাক্টস
ষ্টোন মার্চ্চেন্ট এণ্ড গভঃ কন্‌ট্রাক্টর
পাকুড়ে নিজস্ব কোয়ারী
ধুলিয়ান পাকুড় রোডে ৩৪নং জাতীয় সড়কের নিকটস্থ ক্র্যাসার ইউনিট
ভারতের বিভিন্ন প্রান্তে সুলভে
ষ্টোন চাপস, বোল্ডার, ষ্টোন স্লেট,
পোঃ ধুলিয়ান, জেলা মুর্শিদাবাদ
ফোন: অফিস ৫২, ফ্যাক্টরী ১১৭
ষ্টোন ম্যাটারস প্রভৃতির সরবরাহকারী প্রতিষ্ঠান।
এস এস আই রেজি নং ২১/১৩৭ ১৫৮
তাং ২৪-৩-৭০

বাড়ী বিক্রয়
রঘুনাথগঞ্জ সদরঘাটে একটি একতলা বাড়ী বিক্রয় আছে। নিম্নোক্ত ঠিকানায় অবিলম্বে সাক্ষাত করুন।
পার্থ ব্যানার্জী
রঘুনাথগঞ্জ, সদরঘাট

দোকান বিক্রয়
রঘুনাথগঞ্জ ফুলতলায় সদর রাস্তার উপর চালু 'দাস রেডিও হাউস' দোকানটি বিক্রয় হইবে। রিপেয়ারিং এর জন্য দেওয়া রেডিওগুলিও ফেরৎ দেওয়া হইবে। সবরকম যোগাযোগের ঠিকানা— মানিকচন্দ্র দাস
ম্যাকেঞ্জীপাড়া, রঘুনাথগঞ্জ

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

পানে ও আপ্যায়নে
চা ঘরের চা
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন—৩২

ফোন নং: ২৬২
চৌধুরী ভাই
১৮, কৃষ্ণনাথ রোড, বহরমপুর
॥ চার্চের মোড় ॥
গুড ইয়ার কোং নির্মিত সেরা বেলটিং এবং পাম্পসেট্ ও বড় ইঞ্জিনের পার্টস পাওয়া যায়।
চৌধুরী হাইওয়ে সার্ভিস, বহরমপুরের সহযোগী প্রতিষ্ঠান।

দাস অটো ইলেকট্রিক্যাল ওয়ার্কস
উমরপুর (৩৪নং জাতীয় সড়ক) মুর্শিদাবাদ
প্রোঃ মদনমোহন দাস
এখানে গাড়ীর যাবতীয় ইলেকট্রিকের কাজ করা হয়।
এবং গ্যারান্টিসহকারে ব্যাটারী নির্মাণের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

## Abridged Tender Notice No. 2 of 1982-83

### Of Ganga Anti Erosion Division, Raghunathganj

Sealed tenders are invited in WBF No. 2911 (ii) from class-I Contractor of I & W. Deptt. and bonafied outside contractors for works detailed below by Executive Engineer, Ganga Anti Erosion Division, P. O. Raghunathganj, Dist. Murshidabad.

Estimated costs and earnest moneys are :

1. Constn. of spur Nos. 1 & 2 in connec with the scheme for protn. works of river Padma in P. S. Jallangi and Raninagar :
   Rs. 4,97,526/-, Rs. 9951/-
2. Constn. of spur Nos. 3 & 4 in connec. with the scheme for protn. works of river Padma in P. S. Jallangi and Raninagar :
   Rs. 4,97,526/-, Rs. 9951/-
3. Constn. of spur Nos. 5 & 6 in connec. with the scheme for protn. works of river Padma in P. S. Jallangi and Raninagar :
   Rs. 6,97,526/-, Rs. 9951/-
4. Constn of spur no. 7 in connec. with the scheme for protn. works of river Padma in P. S. Jallangi and Raninagar :
   Rs. 2,48,763/-, Rs. 4975/-
5. Constn. of spur no. 8 in connec. with the scheme for protn. works of river Padma in P. S. Jallangi and Raninagar :
   Rs. 2,48,763/-. Rs. 4975/-
6. Constn. of spur no. 9 in connec. with the scheme for protn. works of river Padma in P. S. Jallangi and Raninagar :
   Rs. 2,48,763/-, 4975/-
7. Constn. of spur no. 10 in connec. with the scheme for protn. works of river Padma in P. S. Jallangi and Raninagar :
   Rs. 2,48,763/-, Rs. 4975/-
8. Constn. of spur no. 11 in connec. with the scheme for protn. works of river Padma in P. S. Jallangi and Raninagar :
   Rs. 2,48,763/-, Rs. 4975/-
9. Constn. of spur no. 12 in connec. with the scheme for protn. works of river Padma in P. S. Jallangi and Raninagar :
   Rs. 2,48, 763/-, Rs. 4975/-

Details regarding time allowed, tender documents and other particulars may be had from the above office upto 4·00 P. M. in any working days. Last date of application for purchasing tender form is 15-12-82 upto 1-00 P. M. Last date for receipt of tender is 17-12-82 upto 3-00 P. M.

**B. K. Dasgupta**
Executive Engineer
Ganga Anti Erosion Division


## একটি সুসংবাদ

স্থানীয় জনসাধারণের প্রয়োজন ও পছন্দমত রঘুনাথগঞ্জ সদরঘাটে এই প্রথম একটি "ষ্টীল" ফার্ণিচারের দোকান খোলা হইয়াছে।

এখানে বিশিষ্ট কোম্পানীর ষ্টীল আলমারী সোফাকাম বেড, ফোল্ডিং খাট, চেয়ার, টেবিল ইত্যাদি ন্যায্য দামে পাবেন।

**সেনগুপ্ত ফার্ণিচার হাউস**
রঘুনাথগঞ্জ ( সদরঘাট )
মুর্শিদাবাদ






সকলের প্রিয় এবং বাজারের সেরা
ভারত বেকারীর স্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ



## সুরবল্লী কষায়

**রক্ত পরিষ্কারক ও বলবর্ধক**

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**

কলকাতা



রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।